Sangbad Online
সংবাদ
প্রকাশনার ৬৭ বছর

তারিখঃ ১৫/০৮/২০২০ (পৃঃ১৩)



# করোনায় কৃষি শ্রমিকের মজুরি কমেছে

**অর্থনৈতিক বার্তা পরিবেশক**

বাংলাদেশ ধান গবেষণা ইনস্টিটিউটের (ব্রি) এক গবেষণায় বলা হয়েছে, করোনার হানার মধ্যেই সারাদেশে কৃষিখাতে কর্মরত শ্রমিকদের মজুরি কমেছে। বোরো মৌসুমে সবচেয়ে বেশি কমেছে সিলেট, রাজশাহী ও রংপুর অঞ্চলে। অন্যদিকে ঢাকা, চট্টগ্রাম ও কুমিল্লায় বিভিন্ন মাত্রায় মজুরি বৃদ্ধি পেয়েছে। মজুরি অপরিবর্তিত ছিল যশোর ও রাঙ্গামাটি অঞ্চলে। 'কোভিড-১৯ যুগে খাদ্য নিরাপত্তা : বাংলাদেশ কি শীঘ্রই খাদ্য সংকটে পড়ছে?' শীর্ষক এ গবেষণায় ২০১৯ সালের বোরো মৌসুমের তুলনায় চলতি বছরের বোরো মৌসুমের কৃষি শ্রমিকের মজুরির পার্থক্য তুলে ধরেছে ব্রি।

সারাদেশের কৃষি অঞ্চলকে সাধারণত ১৪টি অঞ্চলে বিভক্ত করে পরিচালিত এ গবেষণায় দেখা গেছে, সিলেট ও রাজশাহী অঞ্চলে কৃষি শ্রমিকের মজুরি কমেছে প্রায় ১৭ শতাংশ। এছাড়া রংপুর অঞ্চলে ১৫, বগুড়ায় ১৩, দিনাজপুরে ১১, ফরিদপুরে ১০, বরিশালে ৮, ময়মনসিংহে ৪ এবং খুলনা অঞ্চলে ১ শতাংশ হারে মজুরি কমেছে। দেশের অধিকাংশ অঞ্চলে কৃষি শ্রমিদের মজুরি কমলেও বেড়েছে তিন অঞ্চলে। মজুরি হার বৃদ্ধির তালিকার প্রথমে অবস্থানে রয়েছে চট্টগ্রাম। সেখানে মজুরি বৃদ্ধি পেয়েছে ১৩ শতাংশ হারে। ৬ শতাংশ মজুরি বেড়ে দ্বিতীয় স্থানে রয়েছে কুমিল্লা অঞ্চল। অন্যদিকে ঢাকা অঞ্চলে মজুরি বৃদ্ধি পেয়েছে ৫ শতাংশ। তবে মহামারীতে কৃষি শ্রমিকের মজুরির ওপর প্রভাব ফেলতে পারেনি যশোর ও রাঙ্গামাটি অঞ্চলে। সেখানে মজুরি অপরিবর্তিত ছিল।

বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরোর (বিবিএস) 'রিপোর্ট অন এগ্রিকালচার অ্যান্ড রুরাল স্ট্যাটিসটিকস ২০১৮' শীর্ষক প্রতিবেদনের তথ্যমতে, দেশে বর্তমানে ২ কোটি ৪৩ লাখ ৯২ হাজারের বেশি মানুষ কৃষিকাজের সঙ্গে জড়িত। এরমধ্যে ৮৭ লাখ ৬৫ হাজার ১০৭ জন বা প্রায় ৩৫ দশমিক ৯০ শতাংশই পারিবারিক হেলপার। এছাড়া স্বকর্মসংস্থান হয়েছে ৮১ লাখ ৭৭ হাজার ৩৭ জনের বা প্রায় ৩৩ দশমিক ৫২ শতাংশের। আর কৃষি শ্রমিক হিসেবে নিয়োজিত রয়েছেন ৭২ লাখ ৯১ হাজার ৮৪০ জন বা প্রায় ৩০ শতাংশ। এছাড়া অন্যভাবে নিয়োজিত রয়েছেন ১ লাখ ৬৮ হাজার শ্রমিক। যারা কোন না কোনভাবে মজুরি বৈষম্যের শিকার। এই খাতে বেশি বৈষম্যের শিকার হন নারী কৃষি শ্রমিকরা। পুরুষ শ্রমিকের তুলনায় অর্ধেকের কম মজুরিতে কাজ করেন তারা। ফলে করোনাকালে নারী শ্রমিকরাও সবচেয়ে বেশি বিপদে পড়েছেন বলে মনে করছেন সংশ্লিষ্টরা। কারণ দেশে নারী শ্রমিক রয়েছেন প্রায় ৭৭ লাখ।

নীতির প্রশ্নে আপোসহীন দৈনিক জনকণ্ঠ

তারিখঃ ১৪/০৮/২০২০ (পৃঃ১২)

# Bangladesh Rice Research Institute (BRRI)

**Gazipur-1701**

**Under "Accreditation of BRRI Central Laboratory" Program**

Memo no: 12.22.0000.021.07.004.20.120 Date : 13.08.2020

## e-GP : Tender Notice

e-Tenders are invited in the e-GP system Portal (http://www.eprocure.gov.bd) for the procurement of the following goods. Details are given below :

| Serial No | Reference no. | Tender ID No. | Description of Procurement | Tender Documents Last selling (Date & Time) | Tender Closing & Opening date & Time |
|---|---|---|---|---|---|
| 1. | IRN-12.22.0000.021.07.004.20.1.6.1. | 483715 | Procurement of Laboratory Equipment (ACL, Package-01) | 07-Sep-2020 17:00 | 08-Sep-2020 15:30 |
| 2. | IRN-12.22.0000.021.07.004.20.1.6.2 | 482845 | Procurement of Laboratory Equipment (ACL, Package-02) | 31-Aug-2020 17:00 | 01-Sep-2020 15:45 |
| 3. | IRN-12.22.0000.021.07.004.20.1.6.3 | 482852 | Procurement of Laboratory Equipment (ACL, Package-03) | 31-Aug-2020 17:00 | 01-Sep-2020 15:15 |

The interested persons/firms may visit the website www.eprocure.gov.bd to get the details of the tender. This is an online tender, where only e-Tender will be accepted in the national e-GP portal and no offline/hard copy will be accepted. To submit e-Tender, registration in the National e-GP system portal is required. Further information and guidelines are available in the National e-GP system portal and e-GP Help Desk (helpdesk@eprocure.gov.bd).

13.08.2020

(Kawsar Ahmad)
Assistant Director (Procurement)
on behalf of Director General

M-442/20 (6˝ x4)